Dominic Perrottet
Premier of NSW

Brad Hazzard
Minister for Health

মিডিয়া রিলিজ

বুধবার, ২০ এপ্রিল ২০২২

কোভিড পদক্ষেপের আপডেট

নিউ সাউথ ওয়েলস সরকার আজ ঘোষণা করেছে যে কোভিড-১৯ নিশ্চিতভাবে হয়েছে এমন কারও ঘনিষ্ঠ জনের বিচ্ছিন্ন থাকার প্রয়োজন হবে না, যদি তারা নিউ সাউথ ওয়েলস হেলথের নির্দেশিকা মেনে চলে।

পজেটিভ কেসের ক্ষেত্রে কোন পরিবর্তন আনা হয় নি: কারও যদি RAT অথবা PCR টেস্টের ফলাফল পজেটিভ হয় তবে তাকে ৭ দিন বিচ্ছিন্ন থাকার প্রয়োজনীয়তার নিয়ম বহাল থাকবে।

আগামী শুক্রবার, ২২ এপ্রিল সন্ধ্যা ৬ টা থেকে, ঘনিষ্ঠ সংস্পর্শে আসা লোকজনদের (নিউ সাউথ ওয়েলস হেলথ এর মতে ঘনিষ্ঠ সংস্পর্শ বলতে পারিবারিক বা ব্যাক্তিগত সংস্পর্শে থাকা ব্যাক্তিদের বুঝায়) আর বিচ্ছিন্ন থাকতে হবে না, যতক্ষন না তাদের কোন উপসর্গ না থাকে এবং নিম্নলিখিত নির্দেশিকা মেনে চলেন:

- বয়স্ক পরিচর্চা কেন্দ্র (aged care), হাসপাতালসমূহ, প্রতিবন্ধী সেবা কেন্দ্র, এবং সংশোধনমূলক কেন্দ্রগুলোতে **পরিদর্শনে যাবেন না**, যদি বিশেষ কোন ছাড় না থাকলে;
- বাড়ীর বাইরে কোন প্রকার অভ্যন্তরীণ ব্যবস্থায় মাস্ক পরুন;
- যেখানে বাস্তবিকভাবে সম্ভব, বাড়ীর বাইরের লোকদের সাথে ঘনিষ্ঠ সংস্পর্শে আসার আগে প্রতিদিন RAT টেস্ট করান;
- যেখানে সম্ভব বয়স্ক এবং ইমিউনোকম্প্রোমাইজড ব্যাক্তিদের সাথে সংস্পর্শ এড়িয়ে চলুন;
- বাস্তবিকভাবে সম্ভব হলে বাড়ী থেকে কাজ করুন;
- তাদের নিয়োগকর্তা/শিক্ষা প্রদান কেন্দ্রকে অবিহত করুন যে তারা ঘনিষ্ঠ সংস্পর্শে এসছেন , এবং উপরের নিয়মগুলো মেনে চললে তাদের বিচ্ছিন্ন থাকার প্রয়োজন নেই।

কোন ব্যাক্তির পরিবারের কারও যদি কোভিড-১৯ টেস্ট পজেটিভ হয়, তবে যেদিন থেকে এই পজেটিভ হবে সেদিন থেকে ঐ ব্যাক্তির ঘনিষ্ঠ জনদের উপরের নিয়মগুলো ৭ দিন মেনে চলতে হবে।

অন্যান্য এখতিয়ারের সাথে সামঞ্জস্য রেখে, পেশাগত কাজের স্বাস্থ্য ও নিরাপত্তার অধীনে ঝুঁকি মূল্যায়নের উপর ভিত্তি করে ভ্যাকসিনের প্রয়োজনীয়তাসহ, জনস্বাস্থ্যের আদেশ অনুযায়ী কর্মচারীদের ভ্যাকসিনের প্রয়োজনীয়তা তুলো নেওয়া হবে। বয়স্ক পরিচর্চা এবং প্রতিবন্ধী কেন্দ্রে কর্মরত কর্মীদের ভ্যাকসিন নেওয়ার প্রয়োজনীয়তার আদেশ বহাল থাকবে।

সংশ্লিষ্ট স্টেকহোল্ডাদের সাথে বিস্তারিত আলোচনার পরিপ্রেক্ষিতে আগামী সপ্তাহগুলোতে এই

বিষয়ে চুড়ান্ত করা হবে।

এই পরিবর্তনের অর্থ হল বিচ্ছিন্নতার নিয়ম থেকে ক্রিটিকেল কর্মচারীদের আর ছাড়ের প্রয়োজন হবে না। তবে, ঘনিষ্ঠ সংস্পর্শে আসা ব্যাক্তিদের কোভিড-১৯ নিরাপত্তা পরিমাপ মেনে চলতে হবে, যা তাদের নিয়োগকর্তাদের দ্বারা তাদের কর্মক্ষেত্রে সুরক্ষার প্রয়োজনে বাস্তবায়ন করেছে।

৩০ এপ্রিল ২০২২ থেকে, ভ্যাকসিন না নেওয়া আন্তর্জাতিক ভ্রমনকারীদের হোটেল কোয়ারেন্টাইন করার প্রয়োজন হবে না। দু'টি ভ্যাকসিন নেওয়া ভ্রমনকারীগন তাদের আগমনের ২৪ ঘন্টার মধ্যে র‍্যাপিড এন্টিজেন টেস্ট (Rapid Antigen Test) এবং নিউ সাউথ ওয়েলস হেলথ নির্দেশিকা মেনে চলার যে নিয়ম বর্তমানে বহাল আছে, তা ভ্যাকসিন না নেওয়া ভ্রমনকারীদের বেলায়ও প্রযোজ্য হবে।

গনপরিবহন, প্লেন, ও এয়ারপোর্টের বিল্ডিং এর ভিতর এবং ক্রুজ টার্মিনাল ব্যবহারকারীদের মাস্ক ব্যবহারের বর্তমান ব্যবস্থা বহাল রাখার শর্তে গনপরিবহনের পরিবহন ক্ষমতার সীমাবদ্ধতাও তুলে নেওয়া হবে।

নিউ সাউথ ওয়েলস প্রিমিয়ার ডমিনিক পেরোটেট বলেছেন ঘনিষ্ঠ সংস্পর্শে আসা লোকদের জন্য বিচ্ছিন্নতার নিয়ম তুলে নেওয়া উচিত হবে যা এই মহামারী থেকে বেরিয়ে এসে আমাদের এগিয়ে যেতে সহায়তা করবে।

"এই বিচ্ছিন্নতার নিয়মগুলোর প্রয়োজনীয়তা ছিল কিন্ত্ত আমাদের ভ্যাকসিনেশন নেওয়ার হার আশাতীতভাবে বৃদ্ধির জন্য ধন্যবাদ, সেজন্য আজকের ঘোষিত পরিবর্তনগুলো করতে পারছি," বলেছেন জনাব পেরোটেট।

"এই ব্যবস্থা বহু কর্মীপ্রবাহ এবং ব্যবস্থা প্রতিষ্ঠানকে আশু অব্যাহতি দিবে, যারা পরিবারিক ঘনিষ্ঠ সংস্পর্শে আসা লোকজন বিচ্ছিন্ন থাকার কারনে বহু ব্যবস্থা প্রতিষ্ঠানে কর্মীর মারত্বক অভাব ছিল।

"এই মহামারীটি বিবর্ধিত হওয়ার সাথে আমাদের প্রতিক্রিয়ারও পরিবর্তন হয়েছে এবং এটি আরেকটি উদাহরন যেখানে আমরা নিরাপদে ও পরিমিত উপায়ে পরিবর্তন করতে সক্ষম হয়েছি।"

স্বাস্থ্যমন্ত্রী ব্র্যাড হ্যাজার্ড বলেছেন যে আমাদের কমিউনিটির স্বাস্থ্যগতভাবে দুর্বল সদস্যদের সুরক্ষার জন্য প্রত্যেকের সতর্কতা অবলম্বন করা দরকার।

"আমরা এখনো মহামারীর মধ্যে আছি এবং হাত ধৌত করা, যেখানে শারীরিক দূরত্ব বজায় রাখা সম্ভব নয় সেখানে মাস্ক ব্যবহার করা এবং উপসর্গ দেখা দিলে বাড়ীতে থাকা সম্পর্কিত মূল নিয়মগুলো এখনো বহাল," বলেছেন জনাব হ্যাজার্ড।

"সবচেয়ে গুরুত্বপূর্ণ হল আপনার যদি কোন উপসর্গ দেখা দেয় তাহলে বয়স্ক পরিচর্চা কেন্দ্র, হাসপাতাল ভিজিট করা বা আপনার কোন বয়স্ক আত্নীয়কে দেখতে যাওয়া উচিত হবে না।"

এই পরিবর্তন কার্যকর হওয়ার সাথে সাথে স্কুলের দ্বিতীয় টার্ম কিভাবে শুরু করা যায় তা নিয়ে নিউ সাউথ ওয়েলস সরকার স্বাস্থ্য কর্মকর্তাদের সাথে কাজ করছে, এবং এ ব্যাপরে আরও বিস্তারিত তথ্য আগামী দিনগুলোতে প্রকাশ করা হবে।

শীতকালের প্রস্তুতি হিসাবে, প্রতিবন্ধী, শিশু, এবং আউট-অব হোম কেয়ারে থাকা তরুনদের, বহু সাংস্কৃতিক ও ভিন্ন ভাষা ভিত্তিক কমিউনিটিগুলো (CALD), এবং অ্যাবোরিজিনাল কমিউনিটিগুলোসহ স্বাস্থ্যগতভাবে দুর্বল জনসাধারনের সুরক্ষার জন্য র‍্যাপিড এন্টিজেন টেস্ট (Rapid Antigen Test) কীট অব্যাহতভাবে প্রাপ্তি নিউ সাউথ ওয়েলস সরকার নিশ্চিত করবে।

এই RATগুলো ডিপার্টমেন্ট অফ কমিউনিটি এবং জাস্টিস'স স্ট্রংগার কমিউনিটি এজেন্সির মাধ্যমে ব্যাক্তিবর্গ ও সংশ্লিষ্ট সেবা প্রদানকারীদের মধ্যে বিতরন করা হবে।

১৬ বছর বা তার চেয়ে বেশী বয়সের লোকজন তাদের কোভিড-১৯ ভ্যাকসিনের দ্বিতীয় ডোজ নেওয়ার তিন মাসের মধ্যে তাদের বুস্টার ডোজটি নিতে পারবন। আপনি আপনার কোভিড-১৯ ভ্যাকসিন বা বুস্টার ডোজটি নেওয়ার জন্য https://www.nsw.gov.au/covid- 19/vaccination/get-vaccinated এর মাধ্যমে বুক করতে পারেন।

আরও তথ্যের জন্য nsw.gov.au ভিজিট করুন।

মিডিয়া: ইয়ান প্যাটারসন | প্রিমিয়ার | ০৪৩৮ ৭৪৮ ৫০১
নিকোলেট কোরমেন্ডি | মিনিস্টার হ্যাজার্ড | ০৪২৯ ০৬৪ ৮৯